স্থানীয় সরকার বিভাগ
আইন -১


বিষয়: **রিট পিটিশন নং ২৩০৯/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।**

সূত্র: (ক) হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২৩০৯/২০২৪-এর ১৮/০৩/২০২৪ খ্রি. তারিখের রুল।
(খ) হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২৩০৯/২০২৪-এর ৩০/০৪/২০২৪ খ্রি. তারিখের Supplementary Rule রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও জেলার রাণীশংকৈল উপজেলাধীন ৫নং বাচোর ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ডের সদস্য জনাব তুলা রাম রায়-কে গত ০১/০২/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.৯৪০০.০১৭.২৭.০০২.২৩-৭৩ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখা হতে সাময়িক বরখাস্ত এবং ৩১/০৩/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.৯৪০০.০১৭.২৭.০০২.২৩-২৯৮ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে তার স্বীয় পদটি শূন্য ঘোষনা করা হয়। ফলে পিটিশনার জনাব তুলা রাম রায় সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ২৩০৯/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উপর্যুক্ত প্রজ্ঞাপনের কার্যকারিতা ০৬(ছয়) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখা-কে ২নং এবং জেলা প্রশাসক, ঠাকুরগাঁও-কে ৩নং প্রতিপক্ষসহ মোট চার জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ২৩০৯/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (9025/potrojariAttachmentRef/54192/0/2240)...............পাতা।
(9027/potrojariAttachmentRef/54192/0/2240)



২৬-৫-২০২৪

সিনিয়র সহকারী সচিব
ইউনিয়ন পরিষদ -১ শাখা
স্থানীয় সরকার বিভাগ

পূরবী গোলদার
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৫৫১০০৯৯৫
ইমেইল: lglaw1@lgd.gov.bd

ইউ. ও. নোট নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৬৩.২৪.৫০৯

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩১
২৬ মে ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
৩) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৬-৫-২০২৪

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)